# উল্লাপাড়া উপজেলা পরিষদের মার্চ -২০২২ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ মনিরুজ্জামান
ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, উল্লাপাড়া।

সভার তারিখ ঃ ১৬-০৩-২০২২ খ্রিঃ । সময় ঃ সকাল ১০.৩০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট " ক " তে এবং উপজেলার সকল বিভাগীয় কর্মকর্তাদের উপস্থিতি তালিকা পরিশিষ্ট " খ" তে সংযুক্ত।

সভাপতি সভায় উপস্থিত উপজেলা পরিষদের মাসিক সভার সম্মানিত প্রধান উপদেষ্টা মাননীয় জাতীয় সংসদ সদস্য ৬৫ সিরাজগঞ্জ ৪ সহ উপস্থিত সকল সদসদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া মহোদয়কে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানান।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | গত সভার কার্যবিবরণী অনুমোদন | ফেব্রুয়ারী/২০২২ মাসের কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অদ্যকার সভায় তা অনুমোদন করা হলো। | সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি |
| ০২ | গত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | ফেব্রুয়ারী/২০২২ মাসের মাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নাধীন আছে। | সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি |
| ০৩ | **যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক কমিটি ঃ**<br><br>উপজেলা প্রকৌশলী জানান ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি থেকে সম্ভাব্য মোট ১,০৮,৮০,০০০/- টাকা এবং উপজেলা রাজস্ব উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্বৃত্ত) এর ৩,০৪,০৬,৬৫২/- টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে যা জানুয়ারী, ২০২২ মাসের মাসিক সভায় অনুমোদিত হয়েছে। অনুমোদিত প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্ত আগামী সপ্তাহের মধ্যে টেন্ডার আহবান করা হবে। আনসারদের জন্য সেড নির্মান কাজের টেন্ডার আগামী সপ্তাহের মধ্যে আহবান করা হবে। ০২ টি সরকারি প্রাথমিক বিদ্যালয় নির্মাণের অনুমোদন পাওয়া গেছে। দ্রুততম সময়ের মধ্যে কাজ শুরু প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | দ্রুততম সময়ের মধ্যে টেন্ডার আহবান করে এডিপি টেন্ডার/পিআইসি'র কাজ শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। কাজের গুনগত মান নিশ্চিত করতে নিয়মিত তদারকি করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ০৪ | **জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক কমিটি ঃ**<br>অত্র দপ্তরের ২০২১-২০২২ অর্থ বছরের বরাদ্দকৃত পানির উৎসের মালামাল প্রায় ৫০% পৌছেছে। আগামী সপ্তাহ থেকে বিতরণ শুরু করা হবে। গত অর্থ বছরের কাজ প্রায় শেষের দিকে । বরাদ্দকৃত পানির উৎসের ৫০% স্থান তালিকা মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের এবং ৫০% ইউপি সদস্যগণ নির্বাচন করবেন। সহায়ক চাদা প্রাপ্তির পর নলকূপ স্থাপন কার্যক্রম শুরু করা হবে।<br>মুজিব শতবর্ষ উপলক্ষে আশ্রয়ন প্রকল্প ২ এর ২য় ধাপের ১০টি পানির উৎস স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। | মালামালের গুনগত মান নিশ্চিত করে দ্রুত কাজ শুরু করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য |
| ০৫ | **মহিলা ও শিশু বিষয়ক কমিটি ঃ**<br>১। ভিজিডি ২০২১-২০২২ চক্রের ফেব্রুয়ারী/২০২১ মাসের বিতরণ সম্পন্ন হয়েছে। মার্চ/২০২২ মাসের ডিও প্রদান করা হয়েছে। সঞ্চয়ের পরিমান ৪৩৬১১৭০/- টাকা। ২৮-০২-২০২২ তারিখ ভিজিডি ষান্মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।<br><br>২। মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রম তহবিলের চলতি মাসের আদায় ১৫১৫০/- টাকা, ব্যাংক স্থিতির পরিমান ৩০১০০৫/- টাকা। আইডিএ প্রকল্পের ব্যাংক স্থিতি ১০৬০৩৫/- টাকা । চলতি মাসে মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ | ডিও এর কপি সংশ্লিষ্ট তদারকি কর্মকর্তাদের প্রেরণ নিশ্চিত করতে হবে।<br><br>২। ঋণ বিতরণের ক্ষেত্রে স্বচ্ছতা বজায় রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | কার্যক্রম তহবিলের ৩০০০০০/- টাকা বিতরণ করা হবে।<br><br>৩। সামাজিক দুরত্ব ও স্বাস্থ্য বিধি অনুসরণ করে দুটি ব্যাচে সেলাই প্রশিক্ষণ ট্রেডে ৩০ জন। আইজিএ প্রকল্পের ব্লকবাটিক ট্রেডে ২৫ জন এবং বিউটিফিকেশন ট্রেডে ২৫ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br>৩। কোর্ট থেকে চলতি মাসে ০১ টি কেস এসেছে। ইভটিজিং এর কোন ঘটনা ঘটেনি। | প্রশিক্ষণার্থী মনোনয়নের ক্ষেত্রে প্রত্যন্ত গ্রাম অঞ্চলের প্রার্থীদের অগ্রাধিকার দিতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ০৬ | **তথ্য ও সংস্কৃতি বিষয়ক কমিটি ঃ**<br>উল্লাপাড়া উপজেলার ১৫ টি ইউনিয়নের কিশোর-কিশোরী ক্লাবে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী স্বাধীনতার স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমন এঁর জন্মশত বার্ষিকী উদযাপনের জন্য ১৫ ক্লাবের বিপরীতে ১৫০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। | কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম আরও গতিশীল করতে মনিটরিং অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ০৭ | **স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক কমিটি ঃ**<br>**পরিবার পরিকল্পনা বিভাগ ঃ**<br>পরিবার পরিকল্পনা বিভাগের অধীনে স্কুল স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। বিভিন্ন জণাকীর্ণ স্থান/স্কুল-কলেজে ভ্রাম্যমান চলচিত্রের মাধ্যমে বাল্য বিবাহের কুফল, কিশোর-কিশোরী স্বাস্থ্য সেবা প্রজনন স্বাস্থ্য সেবা বিষয়ে সাধারণ মানুষকে সচেতন করার কার্যক্রম অব্যাহত আছে। | উদ্বুদ্ধমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| | **স্বাস্থ্য বিভাগ ঃ**<br>আগামী ২৮-০৩-২০২২ তারিখ ০১ দিনে ০১ কোটি কোভিড ১৯ টিকাদান দ্বিতীয় ডোজ প্রদানে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। আগামী ২০-০৩-২০২২ হতে ২৬-০৩-২০২২ তারিখ পর্যন্ত জাতীয় কৃমি নিয়ন্ত্রন সপ্তাহ এবং ২৭-০৩-২০২২ হতে ০২-০৪-২০২২ তারিখ পর্যন্ত ক্ষুদে ডাক্তারদের মাধ্যমে শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা কার্যক্রম পরিচালিত হবে। | গণটিকা কার্যক্রম এবং জাতীয় কৃমি নিয়ন্ত্রন সপ্তাহ সফল করতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৮ | **সমাজ সেবা বিষয়ক কমিটি ঃ**<br>উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জানান, বয়স্ক ভাতার জন্য অনলাইনে আবেদন গ্রহণ চলছে। ২২-০৩-২০২২ তারিখ পর্যন্ত অনলাইনে ভাতার জন্য আবেদন করা যাবে। এখন থেকে অনলাইনে আবেদন দাখিল না করলে কেউই আর ভাতা পাবেন না। অনলাইনে আবেদন দাখিল পূর্বক প্রতিস্থাপন তালিকাসহ নতুন ভাতা প্রত্যাশীগণের নামের তালিকা ২৩-০৩-২০২২ খ্রি. তারিখের মধ্যে সমাজ সেবা অফিসে দাখিল করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। নির্ধারিত তারিখের মধ্যে প্রতিস্থাপন তালিকা পাওয়া না গেলে অনলাইনে আবেদনকৃতদের মধ্যে থেকে ভাতার প্রতিস্থাপন সম্পন্ন করা হবে।<br>প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন সফটস্কীল প্রশিক্ষণের আওতায় ৩০জন প্রাপ্তিক পেশার ব্যক্তিকে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণ সম্পাদন শেষে তাদের পেশার মানোন্নয়নের জন্য এককালীন অনুদান প্রদান করা হবে। | নির্ধারিত সময়ের মধ্যে প্রতিস্থাপনের জন্য তালিকা উপজেলা সমাজ সেবা অফিসে প্রেরণ নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া |
| ০৯ | **মুক্তিযোদ্ধা বিষয়ক কমিটি ঃ**<br>মুক্তিযোদ্ধা ভাতা বিতরণ কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | মুক্তিযোদ্ধা ভাতা বিতরণ সংক্রান্ত যে কোন সমস্যা দ্রুততম সময়ের মধ্যে সমাধান নিশ্চিত করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১০ | **আইনা-শৃঙ্খলা বিষয়ক কমিটি ঃ**<br>উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের অধীনে বর্তমানে ৭১জন ভাতাভোগী আনসার সদস্য রয়েছে। প্রতিটি গ্রামে ৩০ জন পুরুষ ও | আনসার সদস্যদের দায়িত্বশীলতার সাথে কাজ করার প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে | উপজেলা আনসার ও ভিডিপি |

| | | | |
|---|---|---|---|
| | ৩০ জন নারী স্বেচ্ছাসেবক রয়েছে। | | কর্মকর্তা। |
| ১১ | **উপজেলা পরিষদের আয়-ব্যয়ের উপর আলোচনা ঃ**<br><br>উপজেলা পরিষদের আয় ব্যয়ের উপর আলোচণা করা হয়। আলোচ্য মার্চ/২০২২ মাসে সম্ভাব্য মোট ৩,০০,০০০/- টাকা রাজস্ব খাতে আয় হবে এবং ব্যয় হবে আপ্যায়ন, আনুষাংগিক ও ইন্টারনেট বিল ভাতা খাতে ৪০০০০/- টাকা। | আলোচ্য মার্চ/২০২২ মাসে সর্বমোট ব্যয় হবে ৪০০০০ টাকা। উক্ত ব্যয় যথাযথ হওয়ায় তা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। | হিসাব সহকারী, ইউএনও অফিস |
| ১২ | **উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উল্লাপাড়া**<br><br>উপজেলা প্রাণি সম্পদ দপ্তরের আওতায় প্রাণি সম্পদ চিকিৎসা টিকা প্রদান কার্যক্রম, প্রশিক্ষণ উন্নত ঘাস চাষ, জাত উন্নয়নসহ যাবতীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | গবাদি পশুর এ্যানথ্রাক্স রোড ও বার্ডফ্লু এর বিষয়ে আগাম প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৩ | **উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া ঃ**<br>সভায় উপস্থিত উপজেলা মৎস্য কর্মকর্তা জানান, পঞ্চক্রোশী ইউনিয়নে রাজস্ব বাজেটের আওতায় ১টি মৎস্য অভয়াশ্রম এর কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। এডিপি হতে ০২টি অভয়াশ্রম ও ০২টি বিল নার্সারি স্থাপনের বরাদ্দ প্রদানের জন্য উপজেলা পরিষদকে ধন্যবাদ জানান। | মৎস্য অভয়াশ্রম ও বিল নার্সারি স্থাপনের কাজ যথাসময়ে সম্পন্ন করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৪ | **উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া :**<br>সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ এর ২০২১-২০২২ অর্থ বছরে উন্নয়ন সহায়তা (ভর্তুকী) প্রদানের জন্য বোরো মৌসুমে আগ্রহী কৃষকদের তালিকা প্রস্তুত করার কার্যক্রম চলমান। ৫০% ভুর্তকিতে কম্বাইন হারভেস্টার, রাইন ট্রান্সপ্লান্টার, পাওয়ার থ্রেসার, সেইজ শেলার, রিপার ও রিপার বাউন্ডার; ড্রায়ার, পাওয়ার স্প্রেয়ার, পাওয়ার উইডার, সিডার, বেড প্লান্টার, ক্যারেট ওয়াসার যন্ত্রের যন্ত্রভিত্তিক অগ্রাধিকার তালিকা উপজেলা কৃষি পুনর্বাসন কমিটি কর্তৃক অনুমোদন পূর্বক ১৬-০৩-২০২২ খ্রি. তারিখ পর্যন্ত কম্বাইন হারভেস্টার -৮টি, রিপার ০১টি, পাওয়ার থ্রেসার-১৮টি, সরিষা মাড়াইযন্ত্র-০১টি, সিডার-১৭ টি মোট. ৪৫টি আবেদন পত্র পাওয়া গেছে। | উপজেলা কৃষি পুনর্বাসন কমিটি কর্তৃক অনুমোদনের পর অগ্রাধিকার তালিকা প্রকল্প কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৫ | **উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া ঃ**<br><br>করোনা পরিস্থিতির উন্নয়ন ঘটায় ০২-০৩-২০২২ তারিখ হতে ১ম থেকে ৫ম শ্রেণির নিয়মিত পাঠদান কার্যক্রম শুরু হয় এবং ১৫-০৩-২০২২ তারিখ হতে শিশু শ্রেণির পাঠদান সপ্তাহের রবিবার ও মঙ্গলবার শুরু হয়েছে। | পাঠদান কার্যক্রম ক্লাস্টার ভিত্তিক সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তাগণের মাধ্যমে নিয়মিত তদারকি নিশ্চিত করতে হবে | উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৬ | **উপজেলা সমবায় কর্মকর্তা, উল্লাপাড়া ঃ**<br>উপজেলা সমবায় দপ্তরের অধীনে ভ্রাম্যমান প্রশিক্ষন কার্যক্রম অব্যাহত আছে। আশ্রয়ন প্রকল্পের বকেয়াসহ হাল ঋণ আদায়ের কার্যক্রম জোরদার করা হচ্ছে। | ভ্রাম্যমান প্রশিক্ষণ কর্মসূচিতে সময় উপযোগী বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করতে হবে।<br>ঋণ আদায়ে মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৭ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া**<br>১৫ মার্চ হতে মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেওয়া হয়েছে। স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক শ্রেণী কার্যক্রম চলমান আছে। মাধ্যমিক পর্যায়ের শিক্ষাদের মধ্যে প্রায় ৫৩০০০ শিক্ষার্থীদের করোনার প্রথম ও দ্বিতীয় ডোজ টিকা প্রদান সম্পন্ন হয়েছে। এছাড়া কওমী মাদ্রাসার ১৮০০ শিক্ষার্থীকে প্রথম ডোজ টিকা প্রদান সম্পন্ন হয়েছে। | করোনা প্রতিরোধে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে প্রতিরোধমূলক ব্যবস্থা বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৮ | **উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া** | | |

| | | | |
|---|---|---|---|
| | ফেব্রুয়ারী, ২০২২ মাসে মোট ঋণ বিতরণ করা হয়েছে ১০৬ জন সদস্যদের মাঝে ২৪.৮৪ লক্ষ টাকা এবং আদায় করা হয়েছে ২২.৩৫ লক্ষ টাকা। এছাড়া পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় ছোট ছোট রাস্তা কালভার্ট ও সাকোর নির্মাণ কাজ চলমান আছে। | **ঋণ বিতরণের স্বচ্ছতা নিশ্চিত করতে হবে ও ঋণ** আদায়ে তৎপরতা বৃদ্ধি করতে হবে | **উপজেলা পল্লী** উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৯ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উল্লাপাড়া**<br>টিআর কাবিখার তালিকা অনুমোদন হয়েছে। টিসিবি বিতরণের জন্য প্রতিটি ইউনিয়নে তদারকি কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। ২০-০৩-২০২২ খ্রি. তারিখ হতে টিসিবির মালামাল বিতরণ শুরু হবে। | টিবিসি বিতরণের দিন সংশ্লিষ্ট তদারকি কর্মকর্তাকে তার অধিক্ষেত্রের ইউনিয়নে উপস্থিতি নিশ্চিত করতে হবে | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উল্লাপাড়া |
| ২০ | **উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া**<br>উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরে হতে ২০২১-২০২২ অর্থ বছরে মার্চ, ২০২২ পর্যন্ত ১২টি ব্যাচে ৩৬০ জন যুব ও যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বাঙ্গালা ইউনিয়নে একটি ব্যাচে ৩০ জন যুব মহিলাকে পোষাক তৈরির উপর প্রশিক্ষণ প্রদান চলমান আছে। এছাড়া মার্চ, ২২ মাসে ০৬ জন যুব ও যুব মহিলাকে মাশরুম চাষ বিষয়ে প্রশিক্ষণে পাঠানো হয়েছে। আগামী এপ্রিল, ২০২২ মাস হতে সিরাজগঞ্জ যুব উন্নয়ন কেন্দ্রে গবাদি পশু পালনের উপর প্রশিক্ষণ শুরু হবে যার বিজ্ঞপ্তি জারী করা হয়েছে। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কার্যালয়, উল্লাপাড়ায় ৩০-০৩-২০২২ তারিখ পর্যন্ত আবেদন গ্রহণ করা হবে। | সিরাজগঞ্জ যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণের বিষয়টি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া |
| ২১ | **সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়া**<br>২০২১-২০২২ অর্থ বছরে ৩০ কিলোমিটার খাল খনন করা হবে। ৩০ টি গভীর নলকূপ পুনরায় সচল করার ব্যবস্থা গ্রহণ করা হবে। ২০ টি এলএলপি স্কীম স্থাপন করা হবে এবং ২০টি হাইড্রোলিক স্ট্রাকচার নির্মাণ করা হবে। | বিএডিসি উল্লাপাড়া এর অধীনে যেসকল প্রকল্প বাস্তবায়ন করা হবে তা বাস্তবায়নের পূর্বে উপজেলা পরিষদের মতামত গ্রহণ নিশ্চিত করতে হবে। | সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়া |
| ২২ | **উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া**<br>তিনি বলেন পুর্নিমাগাতী ইউনিয়নের ঝপঝপিয়া হতে ধামাইকান্দি পর্যন্ত ১.০০ কিলোমিটার বাগানের ২৬৭ টি গাছ টেন্ডার বিজ্ঞপ্তির মাধ্যমে মোট ১১,৯৭,০০০/- টাকায় বিক্রয় করা হয়। ৫৫% উপকারভোগীর অংশ বাবদ ৬,৫৮,৩৫০/- টাকা । উক্ত টাকার মালিক সংশ্লিষ্ট ০৬ জন উপকারভোগীর মধ্যে চেকের মাধ্যমে বিতরণ করা হলো। এছাড়া ইউনিয়নের অংশ বাবদ চেয়ারম্যান, পুর্নিমাগাতী ইউপিকে ৫৯,৮৫০/- টাকার চেক প্রদান করা হলো। | উধুনিয়া ও মোহনপুর ইউনিয়ন পরিষদ সরেজমিনে পরিদর্শন পূর্বক পরিষদের গাছ কর্তণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া |
| ২৩ | **চেয়ারম্যান, উধুনিয়া ইউপি ঃ**<br>তিনি তার ইউনিয়ন মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের নির্বাচনী প্রতিশ্রুত রাস্তার কাজগুলো দ্রুত শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়াকে অনুরোধ জানান। উধুনিয়া ইউনিয়ন পরিষদের কতিপয় মেয়াদ উত্তীর্ণ গাছ নিলামে বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়াকে অনুরোধ জানান। | সরেজমিনে তদন্ত পূর্বক উধুনিয়া ইউনিয়ন পরিষদের মেয়াদ উত্তীর্ণ গাছগুলো নিলামে বিক্রির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া |
| ২৪ | **চেয়ারম্যান, সলঙ্গা ইউপি, উল্লাপাড়া**<br>তিনি তার ইউনিয়নের ফেয়ার প্রাইজের নাম পরিবর্তনের সুযোগ চলমান রাখার অনুরোধ জানান। এছাড়া সলঙ্গা ইউনিয়ন পরিষদ হতে সলঙ্গা হয়ে ধামাইলকান্দি বাইপাস রাস্তা সংস্কার/পাকাকরণের ব্যবস্থা গ্রহণ করে এলাকার জনগণের ভোগান্তি দুর করার অনুরোধ জানান। এর ফলে মহাসড়কে দুর্ঘটনা কম হবে। তার ইউনিয়ন পরিষদের বিশুদ্ধ পানির ব্যবস্থা গ্রহণ ও নামাজ ঘর নির্মাণের লক্ষ্যে বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ জানান। | সরেজমিনে তদন্ত পূর্বক সলঙ্গা ইউনিয়ন পরিষদের বিশুদ্ধ পানির ব্যবস্থা গ্রহণ করাসহ নামাজ ঘর নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | চেয়ারম্যান, সলঙ্গা ইউপি, উল্লাপাড়া |
| ২৫ | **চেয়ারম্যান, বাঙ্গালা ইউপি, উল্লাপাড়া**<br>প্রথম পর্যায়ে টি আর কাবিখা কাজ শেষ হয়েছে। হতদরিদ্রদের কাজ | সিমলা ব্রীজ হতে রাস্তার কাজ দ্রুত শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, |

| | | | |
|---|---|---|---|
| | শেষের দিকে। টাকা পাওয়া যায় নাই। টিসিবি তালিকা প্রস্তুত সম্পন্ন হয়েছে। প্রতাপ আঃ গফুর সরকারের বাড়ীর নিকট হতে বনমালী প্রতাপ বাবু হাজীর বাড়ী পর্যন্ত রাস্তাপাকাকরণ দরকার। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়াকে অনুরোধ জানান। সিমলা ব্রীজ হতে রাস্তার কাজ বন্ধ আছে। অতিদ্রুত কাজ করার জন্য অনুরোধ জানান। | | উল্লাপাড়া |
| ২৬ | **চেয়ারম্যান, মোহনপুর ইউপি, উল্লাপাড়া**<br>প্রথম পর্যায়ের টি আর কাবিখা কাবিটার কাজ শেষ হয়েছে। টিসিবির তালিকা সম্পন্ন হয়েছে। অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির কাজ শেষের দিকে । বিল পাওয়া যায় নাই। | উন্নয়ন মূলক কাজের ক্ষেত্রে কাজের গুনগত মান নিশ্চিত করে চুড়ান্ত বিল পরিশোধ করতে হবে। | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, উল্লাপাড়া |
| ২৭ | **চেয়ারম্যান, সলপ ইউপি, উল্লাপাড়া**<br>সলপ ইউনিয়ন পরিষদের অনুকূলে বরাদ্দ বিভাজন কম হওয়ার বিষয়ে অভিযোগ উত্থাপন করেন। ভাতা কার্ড বিতরণ নিয়ে অনিয়ম হচ্ছে। বিষয়টি দেখার অনুরোধ জানান। তিনি আরও জানান সলপ ইউনিয়নে ১০ টাকা কেজি চাউলের ডিলার পরিবর্তন করা হয়েছে। কিন্তু ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হিসেবে তাকে অবহিত করা হয়নাই। | নীতিমালা অনুসরণ পূর্বক জনসংখ্যা/আয়তনের ভিত্তিতে বিভিন্ন সরকারি বরাদ্দ ইউনিয়ন পরিষদের অনুকূলে বিভাজন নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, উল্লাপাড়া |
| ২৮ | **জনাব আব্দুল ওয়ারেস, ইউডিএফ, ইউজিডিপি প্রকল্প**<br>তিনি জানান ইউডিএফ, ইউজিডিপি প্রকল্পের অধীনে গৃহীত মোটর ড্রাইভিং প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে নীতিমালাগত কিছু সমস্যা থাকায় মোটর ড্রাইভিং এর পরিবর্তে অন্য কোন বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। | বিস্তারিত আলোচনান্তে হাউজ ওয়ারিং, মোবাইল সার্ভিসিং, মোটর সাইকেল সার্ভিসিং বিষয়ে প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণের জন্য মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় পরামর্শ প্রদান করেন। | ইউডিএফ ইউজিডিপি প্রকল্প, উল্লাপাড়া |
| ২৯ | **উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া ঃ**<br>উপজেলা নির্বাহী অফিসার বিভাগীয় কর্মকর্তাগণকে তাদের স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল হাল নাগদ রাখা এবং দপ্তর প্রধানের ছবি ও মোবাইল নম্বর আপলোড নিশ্চিত করার জন্য পুনরায় সকল বিভাগীয় কর্মকর্তাগণকে অনুরোধ জানান।<br>স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে আগামী ১৭-০৩-২০২২ তারিখ হতে আয়োজিত উন্নয়ন মেলায় উপজেলার পরিষদের সকল বিভাগীয় প্রধানগণকে তাদের স্ব স্ব বিভাগের উন্নয়ন চিত্র প্রদর্শনের মাধ্যমে সরকারের সেবা সর্ম্পকে সাধারণ জনগণকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ জানান।<br>উপজেলা পরিষদের মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, গাড়ী চালক, অফিস সহায়ক (দুই জন), উপজেলা পরিষদ, উল্লাপাড়া উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধি, ২০১০ এর ৪৬-৫৯ বিধি মোতাবেক প্রদেয় ভবিষ্য তহবিল হিসাব খোলা ও যোগদানের তারিখ হতে এ যাবৎ উপজেলা পরিষদের নিকট বিধি মোতাবেক সিপিএফ এর বকেয়া চাঁদাসহ নিয়মিত চাঁদা স্ব স্ব কর্মচারীর হিসাবে চেকের মাধ্যমে পরিশোধের জন্য আবেদন করেছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিভাগীয় কর্মকর্তাগণ তাদের স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগদ করবেন।<br>স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে আগামী ১৭-০৩-২০২২ তারিখ হতে আয়োজিত উন্নয়ন মেলায় উপজেলার পরিষদের সকল বিভাগীয় প্রধানগণকে তাদের স্ব স্ব বিভাগের উন্নয়ন চিত্র প্রদর্শনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের কর্মচারীদের সিপিএফ বাবদ চাদা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধি, ২০১০ এর ৪৬-৫৯ বিধি নিরীক্ষাঅন্তে বিস্তারিত মতামতসহ প্রস্তাবনা উপস্থাপনের জন্য নিম্নবর্ণিতভাবে কমিটি গঠন করা হলো।<br>জনাব মোঃ মনিরুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া আহবায়ক, জনাব মোঃ আবু সায়েদ, উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া সদস্য, জনাব মোঃ জাকারিয়া হোসেন, উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, উল্লাপাড়া, সদস্য | বিভাগীয় কর্মকর্তাগণ (সকল), উল্লাপাড়া<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া ও উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, উল্লাপাড়া |
| ৩০ | **ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া**<br>উপজেলা প্রকৌশল দপ্তর হতে গত অর্থ বছরে টেন্ডার হয়েছে অথচ কাজ শুরু হয় নাই এরূপ একাধিক প্রকল্পর কাজ অনিস্পন্ন অবস্থায় রয়েছে। যেগুলো মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের নির্বাচনী প্রতিশ্রুতি ছিল। শুরু না হওয়ার প্রকল্পের কাজ দ্রুত শুরু করার | অনতিবিলম্বে মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের নির্বাচনী প্রতিশ্রুতিভুক্ত কাজগুলো শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |

| | | | |
|---|---|---|---|
| | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়াকে অনুরোধ জানান।<br>উপজেলা বিএডিসি দপ্তর হতে খাল খনন, অচল ডিপ মেশিন সচল করণের কাজের বিষয়ে উপজেলা পরিষদের সাথে সমন্বয় করে কাজ করার জন্য সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়াকে অনুরোধ জানান।<br>মোহনপুর দহকুলা বিলে প্রায় ৩০০ বিঘা জমিতে জলবদ্ধতা থাকে জলাবদ্ধতা দুর করা সম্ভব হলে উক্ত জমিতে ফলস উৎপাদন করা সম্ভব। এ বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়াকে অনুরোধ জানান। | উপজেলা বিএডিসি দপ্তর হতে খাল খনন, অচল ডিপ মেশিন সচল করণের কাজের বিষয়ে উপজেলা পরিষদের সাথে সমন্বয় নিশ্চিত করতে হবে<br>মোহনপুর দহকুলা বিলে জলাবদ্ধতা দুর করে চাষাবাদের উপযোগী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী প্রকৌশলী, উল্লাপাড়া<br>সহকারী প্রকৌশলী, উল্লাপাড়া |
| ৩১ | **মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৫ সিরাজগঞ্জ ৪।**<br>সভায় উপস্থিত মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় মাসিক সভার প্রধান উপদেষ্টা হিসেবে উল্লাপাড়া উপজেলার সার্বিক উন্নয়নে সুষ্ঠ সমন্বয়ের স্বার্থে বিভিন্ন সরকারি বরাদ্দ বিভাজনের ক্ষেত্রে তারতম্য হলেও তা উল্লাপাড়া উপজেলার সার্বিক উন্নয়নের স্বার্থে মেনে নিতে ইউপি চেয়ারম্যানগণকে পরামর্শ প্রদান করেন।<br>মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের নিজস্ব প্রকল্প হিসেবে আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগী নির্বাচনের ক্ষেত্রে শতভাগ স্বচ্ছতা বজায় রাখতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।<br>উপজেলা প্রকৌশল বিভাগের অধীনে বাস্তবায়নাধীন রাস্তাগুলোর কাজ দ্রুত শুরু করাসহ যথাসময়ে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়াকে নির্দেশনা প্রদান করেন। | যে সকল প্রকল্পের কাজ অদ্যাবধি শুরু হয় নাই তার একটি তালিকা প্রস্তুত করে প্রধান নির্বাহী প্রকৌশলী, এলজিইডি বরাবর প্রেরণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

১৫/০৩/২০২২

(মোঃ মনিরুজ্জামান)
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

স্মারক নম্বর ঃ ০৫.৪৩.৮৮৯৪.০০৫.০৬.০০২.২১-৩২৭ | তারিখ ঃ ১৬-০৩-২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ
১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৫ সিরাজগঞ্জ ৪, উল্লাপাড়া।
২। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
৪। অধ্যক্ষ, সরকারি আকবর আলী কলেজ, উল্লাপাড়া।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৭। মেয়র, উল্লাপাড়া পৌরসভা।
৮। উপজেলা ----------------------------------------------------------কর্মকর্তা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৯। চেয়ারম্যান, ------------------------------------------------------------------------ উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
১০। অফিস কপি।

16/03/2022

(দেওয়ান মওদুদ আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।